



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩০৬/২৬০/৬

তারিখঃ ১১.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ রিট পিটিশন নং- ১৮২২৭/২০১৭ এ প্রদত্ত ০৭/০১/২০১৮খ্রিঃ তারিখের আদেশ মোতাবেক Annexure K নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/এম-৩০৬/২/৫২/৩; তারিখঃ ১৮.০৩.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক ০৬-০৪-২০০৪ তারিখে জনাব মোঃ নুরুল ইসলামকে সুপার পদের চাকুরী হতে অবৈধভাবে চূড়ান্ত বরখাস্তকরণ এর সিদ্ধান্ত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা পূর্বক নিষ্পত্তিকরণের জন্য ০৩/১০/২০১৭খ্রিঃ তারিখে আবেদন দাখিল করা হয়। এছাড়া বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৮২২৭/২০১৭ দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক উক্ত আবেদনের বিষয়টি ৯০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বোর্ডকে নির্দেশনা প্রদান করা হয়।

মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নের নিমিত্ত জনাব মোঃ নুরুল ইসলামকে সুপার পদ থেকে বরখাস্ত করার বিষয়ে স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য ২১.০৩.২০১৮খ্রিঃ রোজ বুধবার বোর্ডে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানীতে অংশগ্রহণের জন্য সভাপতি, ভারপ্রাপ্ত সুপার ও জনাব মোঃ নুরুল ইসলাম, সুপার (সাময়িক বরখাস্ত) কে সূত্রোক্ত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সকলে বোর্ডে উপস্থিত হন এবং শুনানীতে অংশগ্রহণ করে স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করেন।

শুনানীকালে সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম লিখিত ও মৌখিকভাবে জানান যে, অফিস সহকারী ও কমিটি কর্তৃক ড্রাফট জমা না দেওয়ার কারণে ২৩ জন ছাত্রের ফরম ফিলাপ করা সম্ভব হয়নি ফলে ছাত্ররা নিম্নআদালতে মামলা দায়ের করে। মামলা দায়েরের প্রেক্ষিতে তাকে ২ বৎসরের সাজা প্রদান করা হলে উক্ত সাজার বিরুদ্ধে তিনি আপিল করেন। আপিলের প্রেক্ষিতে মহামান্য আদালত কর্তৃক সাজা বাতিল করা হলেও মামলাটি বর্তমানে বিচারাধীন আছে। বর্তমানে মামলার শুনানী ও স্বাক্ষর গ্রহণের কার্যক্রম চলছে। কিন্তু কমিটি কর্তৃক তাকে সাময়িক বরখাস্ত করা হলেও তাকে জীবন ধারণ ভাতা দেয়া হয়নি। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ একক সিদ্ধান্তে তাকে চূড়ান্তভাবে বরখাস্ত করেন।

সভাপতি জনাব মোঃ মাহাবুব আলম ফারুক শুনানীকালে মৌখিকভাবে বলেন যে, সুপারের সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি সভাপতি পদে দায়িত্বরত ছিলেন না বিধায় এ বিষয়ে তাঁর কোন বক্তব্য নেই। তবে বোর্ড কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত/আদেশ প্রদান করবেন সে মোতাবেক তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ভারপ্রাপ্ত সুপার মোঃ আব্দুস ছাত্তার লিখিতভাবে বক্তব্য দেন যে, সুপার মোঃ নুরুল ইসলামকে সাময়িক বরখাস্ত থাকাকালীন কোন জীবন ধারণ ভাতা প্রদান করা হয়নি। বোর্ড কর্তৃক আদেশ প্রদান করা হলে তিনি নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

সকলের মৌখিক ও লিখিত বক্তব্য এবং দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম সাময়িক বরখাস্ত থাকাকালীন জীবন ধারণ ভাতা পাননি। তাঁর বিরুদ্ধে ২৩ জন ছাত্র কর্তৃক দায়েরকৃত নিম্ন আদালতের মামলা বর্তমানে বিচারাধীন আছে এবং অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় মামলা বিচারাধীন থাকায় তাঁর চূড়ান্ত বরখাস্ত বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

বর্ণিত অবস্থায় নিম্নোক্তভাবে রিট পিটিশন নং- ১৮২২৭/২০১৭ এ প্রদত্ত আদেশ মোতাবেক Annexure K নিষ্পত্তি করা হলো:

ক) নিম্ন আদালতের মামলা বিচারাধীন থাকায় সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম এর চূড়ান্ত বরখাস্তের বিষয়ে কোন সিদ্ধান্ত প্রদান করা সমীচীন নয় বিধায় মামলা নিষ্পত্তির পর এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

খ) যেহেতু সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম এর চূড়ান্ত বরখাস্ত বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হয়নি সেহেতু তাঁর জীবন ধারণ ভাতা (বেকেয়াসহ) পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

২) ভারপ্রাপ্ত সুপার, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

৩) জনাব মোঃ নুরুল ইসলাম, সুপার (সাময়িক বরখাস্ত), চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩০৬/

তারিখঃ ০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৪